

—তোমার এমনি ইচ্ছাটাই বটে ! ভাল ক'রে চেয়ে দেখ দিকি কে আসছে ?

আবার কিছুক্ষণ পদচারণ ।

লিখুন । বিলাসবতী । সখি আমি চক্ষের জলে একবারে অন্ধ হয়ে পড়েছি । তা কৈ—আমি ত কাউকেই দেখতে পাচ্ছি না ।

মদনিকা । এখন ভাই কাঁদলে আর কি হবে । ওই দেখ মন্ত্রীমশায় আসছেন । ( মন্ত্রীর প্রবেশ )

এই পর্যন্ত বলিয়া মধুসূদন আবার বেশ কিছুক্ষণ পদচারণা করিলেন ও দ্বিতীয় পণ্ডিতের নিকট গিয়া থামিলেন

আপনি আর একবার ময়ূরীটা পড়ুন ত !

দ্বিতীয় পণ্ডিত । ( পাঠ )

তরুশাখা উপরে শিগিনি

কেন লো বসিয়া তুই বিরস বদনে

না হেরিয়া শ্যামচাঁদে তোরও কি পরাণ কাঁদে

তুইও কি দুঃখিনী ?

আহা কে না ভালবাসে রাধিকারমণে ?

কার না জুড়ায় অঁাখি, শশী, বিহঙ্গিনি !

মধু কিছুক্ষণ পরিক্রমণ করিয়া ধীরে

ধীরে বলিতে লাগিলেন

—আয় পাখি আমরা দু'জনে

গলা ধরাধরি করি ভাবি লো নীরবে

নবীন নীরদে প্রাণ তুই করেছিস্ দান

সে কি তোর হবে ?

আর কি পাইবে রাধা রাধিকা-রঞ্জে  
তুই ভাব যনে ধনি আমি শ্রীমাধবে ।

দ্বিতীয় পণ্ডিত লিখিতে লাগিলেন ও  
মধুসূদন আবার পদচারণা শুরু করিলেন ।  
সহসা তিনি প্রশ্ন করিলেন

ইন্দ্রের আর একটা নাম—শক্র, না ?

দ্বিতীয় পণ্ডিত । আজ্ঞে হ্যাঁ ।

মধু । লিখুন—

কি শোভা ধরয়ে জলধর  
গভীর গরজি যবে উড়ে সে গগনে  
স্বর্ণবর্ণ শক্রধনু রতনে খচিত তনু  
চূড়া শিরোপর  
বিজলী কনক দাম পরিয়া যতনে  
মুকুলিত লতা যথা পরে তরুবর ।

দ্বিতীয় পণ্ডিত । পরে তরুবর ?

মধু । মুকুলিত লতা যথা পরে তরুবর । ( তৃতীয় পণ্ডিতের প্রতি )  
এইবার আপনার পালা ! পড়ুন ত খানিকটা ! একটু আগের থেকে  
পড়ুন ! Just create the atmosphere.

তৃতীয় পণ্ডিত । ( পড়িতে লাগিলেন )

কুমুদাম সজ্জিত দীপাবলী-তেজে  
উজ্জলিত নাট্যাশালা সম রে আছিল  
এ মোর সুন্দরী পুরী ! কিন্তু একে একে  
শুকাইছে ফুল এবে, নিবিছে দেউটি—  
নীরব রবাব বীণা, মুরজ, মুরলী—

তবে কেন আর আমি থাকি রে এখানে ?

কার রে বাসনা বাস করিতে আধারে !

মধু । চূপ করুন । ঠিক পড়া হচ্ছে না আপনার—

আর একটা সিগারেট ধরাইলেন ও  
টেবিল হইতে মিন্টনখানা তুলিয়া লইয়া  
খানিকক্ষণ নীরবে পড়িলেন । তাহার পর  
সেখানা রাখিয়া দিয়া পদচারণ করিতে  
শুরু করিলেন । মধো মধো বাম হস্ত  
মৃষ্টিবন্ধ ও দক্ষিণ হস্ত উৎক্ষিপ্ত হইতে  
লাগিল ।

হাতীর কি কি প্রতিশব্দ জানেন বলুন ত ! তিলোত্তমাতে ব্যবহার  
করেছি অনেক কথা—মনে থাকে না সব !

তৃতীয় পণ্ডিত । হাতীর ? হস্তী, করী, গজ, মাতঙ্গ, বারণ ।

মধু । I think there is another good word.

তৃতীয় পণ্ডিত । কুঞ্জর ।

মধু । That's the word—কুঞ্জর । আচ্ছা বজ্র শব্দের কয়েকটা  
বলুন ত—

তৃতীয় পণ্ডিত । বজ্র, কুলিশ, দাঁড়ান অভিধানটা দেখি—( অভিধান  
দেখিলেন ) ইরম্মদ—

মধু । ( উদ্দীপিত হইয়া ) Yes, I want ইরম্মদ—সুন্দর কথাটা ।

আবার খানিকক্ষণ পায়চারি করিয়া

এইবার লিখুন—

প্রগমি রাজেন্দ্রপদে করযুগ যুড়ি  
আরস্ত্রিলা ভগ্নদূত—হায়, লক্ষাপতি  
কেমনে কহিব আমি অপূর্ব কাহিনী ?  
মদকল করী যথা পশে নলবনে

তৃতীয় পণ্ডিত । মদকল শব্দের অর্থ ই মত্ত হস্তী—আবার করী  
কেন ?

মধু । যা বলছি লিখে যান—

মদকল করী যথা পশে নলবনে  
পশিলা বীর-কুঞ্জর অরিদল মাঝে  
ধনুর্ধর । এখনও কাঁপে হিয়া মম  
থরথরি স্মরিলে সে ভৈরব-ছক্কারে !  
শুনেছি রাক্ষসপতি মেঘের গর্জনে ;  
সিংহনাদে ; জলধির কল্লোলে ; দেখেছি  
দ্রুত ইরশ্মদে, দেব ছুটিতে পবন—  
পথে ;

ধনুকের ভাল বাঙলা কি ! বেশ গালভরা একটা শব্দ বলুন ত ! **There  
is a word.**

তৃতীয় পণ্ডিত । দাঁড়ান অভিধানটা দেখি—( দেখিলেন ) কোদণ্ড ?

মধু । কোদণ্ড, কোদণ্ড ! লিখুন ।

কিন্তু কভু নাহি শুনি ত্রিভুবনে  
এ হেন ঘোর-ঘর্ঘর কোদণ্ড টঙ্কারে  
কভু নাহি দেখি শর হেন ভয়ঙ্কর ।

মধু । শরের কতকগুলো প্রতিশব্দ দেখুন ত ।

তৃতীয় পণ্ডিত । শর, তীর, বাণ, কলঘ—

মধু । Good—লিখুন—

পদচারণ করিয়া আবার বলিতে লাগিলেন

পশিলা বীরেন্দ্রবন্দ বীরবাহু সহ  
রণে, যুথনাথ সহ গজযুথ যথা ।

ঘনঘনাকারে ধূলা উঠিল আকাশে  
 মেঘদল আসি যেন আবরিল রুষি  
 গগনে ; বিদ্যাম্বলাসম চকমকি  
 উড়িল কলস্কুল অশ্বর প্রদেশে  
 শনশনে—

আবার পিছনদিকে হস্তনিবন্ধ করিয়া  
 তিনি পদচারণা শুরু করিলেন। কিছুক্ষণ  
 পরে প্রথম পণ্ডিত হাই তুলিলেন ও  
 দ্বিতীয় পণ্ডিতের দিকে চাহিলেন। দ্বিতীয়  
 পণ্ডিত তাঁহাকে চোখের একটা ইঙ্গিত  
 করিলেন।

প্রথম পণ্ডিত। দত্ত মশায় !

মধু। ( হঠাৎ চমকাইয়া ) Shut up.—কথা বলেন কেন ? কি  
 বলছেন ?

প্রথম পণ্ডিত। ( ইতস্তত করিয়া ) আমাদের বেতন প্রায় তিনমাসের  
 বাকী পড়েছে—যদি কিছু দিতেন আজ ভাল হ'ত !

মধু। তিনমাসের বাকী পড়েছে ! বেশ ত পাবেন।

দ্বিতীয় পণ্ডিত। পাবেন পাবেন ত রোজই শুনছি ! আমরা গরীব  
 ব্রাহ্মণ—

মধু। আপনারা কি মনে করেছেন আমার হাতে টাকা আছে—  
 অথচ দিচ্ছি না ?

তৃতীয় পণ্ডিত। আশ্চর্য তা নয়—তিনমাসের হয়ে গেল কি না !

মধু। হাতে টাকা এলেই সব মিটিয়ে দেব—এখন যা করছেন  
 করুন।

( নেপথ্যে ) দত্ত মশায় বাড়ী আছেন ?